

স্বাক্ষরিত  
৩০/০৬/২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-১

গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭/০৭/০৩/০৩৫.০৩৫.২১.১৭৭৬

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯

২৯ জুন ২০২২

বিষয়: ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন শরীফবাগ ইসলামিয়া কামিল মাদ্রাসার প্রভাষক (ইংরেজী) জনাব মো: মুকতাদিরুল হক খান (ইনডেক্স নং-D2017235) এর প্রার্থীত নাম সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) USEO, ধামরাই, ঢাকা এর স্মারক নং-উমাশিঅ/ধাম/ঢাকা/৬০৯; তারিখ: ৩১.১০.২১খ্রি.

(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.২৩.০০১.২১-৪৮; তারিখ: ০২.০৩.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন শরীফবাগ ইসলামিয়া কামিল মাদ্রাসার প্রভাষক (ইংরেজী) জনাব মো: মুকতাদিরুল হক খান (ইনডেক্স নং-D2017235) এর এমপিও শীটে নাম সংশোধনের আবেদন সূত্রান্তে (০১) নং স্মারকে USEO, ধামরাই, ঢাকা কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে জনাব মো: লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ)-মাশিঅ এবং জনাব মুহম্মদ হোসাইন, পরিদর্শক (সহকারী অধ্যাপক), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রান্তে ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: “এমপিও শীটে জনাব মো: মুকতাদিরুল হক খান এর নাম MD. MUKTADRUL HAQ KHAN মুদ্রিত আছে কিন্তু একাডেমিক সনদ (এস.এস.সি, এইচ.এস.সি), জাতীয় পরিচয়পত্র, নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে নাম MD. MUKTADIRUL HAQ KHAN উল্লেখ আছে এবং এমপিও শীটে বেতন কোড ০৭ উল্লেখ আছে যা প্রভাষক পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত নাম MD. MUKTADIRUL HAQ KHAN মর্মে জনাব মো: লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ)-মাশিঅ এবং জনাব মুহম্মদ হোসাইন, পরিদর্শক (সহকারী অধ্যাপক), এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শীটে মুদ্রিত নাম MD. MUKTADRUL HAQ KHAN এর স্থলে MD. MUKTADIRUL HAQ KHAN সংশোধনের জন্য আবেদন করেছেন এবং USEO, ধামরাই, ঢাকা বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ MD. MUKTADRUL HAQ KHAN এর স্থলে MD. MUKTADIRUL HAQ KHAN সংশোধনের সুপারিশ করেছেন। বিধায় ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন শরীফবাগ ইসলামিয়া কামিল মাদ্রাসার প্রভাষক (ইংরেজী) জনাব মো: মুকতাদিরুল হক খান (ইনডেক্স নং-D2017235) এর এমপিও শীটে নাম MD. MUKTADRUL HAQ KHAN এর স্থলে MD. MUKTADIRUL HAQ KHAN সংশোধন করা যেতে পারে।” (কপি সংযুক্ত)

০৩। USEO, ধামরাই, ঢাকা এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: মুকতাদিরুল হক খান (ইনডেক্স নং-D2017235) এর তথ্য এবং নাম নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	প্রভাষক পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান নাম	প্রার্থীত নাম	মন্তব্য
০১	জনাব মো: মুকতাদিরুল হক খান, প্রভাষক (ইনডেক্স নং-D2017235) শরীফবাগ ইসলামিয়া কামিল মাদ্রাসা, ধামরাই, ঢাকা	১৭/০৩/২০০৫ খ্রি.	নাম- MD. MUKTADRUL HAQ KHAN	নাম-MD. MUKTADIRUL HAQ KHAN	এমপিও শীটে বিদ্যমান নাম- MD. MUKTADRUL HAQ KHAN এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত নাম MD. MUKTADIRUL HAQ KHAN সংশোধন যোগ্য।

০৪। এমতাবস্থায়, USEO, ধামরাই, ঢাকা এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: মুকতাদিরুল হক খান (ইনডেক্স নং-D2017235) এর নাম MD. MUKTADRUL HAQ KHAN এর স্থলে MD. MUKTADIRUL HAQ KHAN সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।
- ২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তহরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।
- ৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকার প্রার্থী জনাব মো: মুকতাদিরুল হক খান, প্রভাষক কোন প্রকার বকেয়া দাবি করতে পারবেনা।

৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদিভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবেনা।  
সংযুক্তি: ১০ ফর্দ।

২৯-৬-২০২২

কে, এম, ব্রুহল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৪১০৩০১৫৯

ইমেইল: dg@dme.gov.bd

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক, মেমিস,  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০৩৫.২১.১৭৭৬/১(৫)

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯

২৯ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধামরাই, ঢাকা।
- ৩) সভাপতি/অধ্যক্ষ, শরীফবাগ ইসলামিয়া কামিল মাদ্রাসা, ধামরাই, ঢাকা।
- ৪) জনাব মো: মুকতাদিরুল হক খান, প্রভাষক (ইনডেক্স নং-D2017235) শরীফবাগ ইসলামিয়া কামিল মাদ্রাসা, ধামরাই, ঢাকা।
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২৯-৬-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)